

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড এবং পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের জন্য সুপারভাইসরি কলেজ

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড এবং পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সুপারভাইসরি কলেজগুলির বৈঠক ফেব্রুয়ারি 22-24, 2017 মুম্বইতে অনুষ্ঠিত হয়েছে। শ্রী এস. এস. মুদ্রা, ডেপুটি গভর্নর, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কলেজগুলির কাজকর্মের উদ্বোধন করেন। ফেব্রুয়ারি 22, 2017 তারিখে উনিশটি বহির্দেশীয় ব্যাঙ্কিং সুপারভাইসরি কর্তৃপক্ষ থেকে ছত্রিশজন হোস্ট সুপারভাইসরি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সুপারভাইসরি কলেজে অংশগ্রহণ করেছিলেন। ফেব্রুয়ারি 23, 2017 তারিখে দশটি বহির্দেশীয় ব্যাঙ্কিং সুপারভাইসরি কর্তৃপক্ষ থেকে ষোলজন সুপারভাইসরি এবং ছটি কর্তৃপক্ষ থেকে দশজন সুপারভাইসরি যথাক্রমে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড এবং অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেডের সুপারভাইসরি কলেজে অংশগ্রহণ করেছিলেন। ফেব্রুয়ারি 24, 2017 তারিখে পঁচটি বহির্দেশীয় ব্যাঙ্কিং সুপারভাইসরি কর্তৃপক্ষ থেকে দশজন সুপারভাইসরি পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সুপারভাইসরি কলেজে অংশগ্রহণ করেছিলেন। এছাড়াও সিকুরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি), ইনস্যুরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (আইআরডিএ) এবং পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (পিএফআরডিএ)-র প্রতিনিধিরা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড এবং পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের কলেজে অংশগ্রহণ করেছিলেন যেহেতু এইসকল ব্যাঙ্ক সেই আর্থিক গোষ্ঠীর নেতৃত্বপ্রদান করে যা ভারতীয় আর্থিক বাজারের একাধিক বিভাগে ক্রিয়াশীল এবং একটি প্রসারিত ব্যাপ্তি জুড়ে আর্থিক কর্মকাণ্ড সম্পাদন করে যার মধ্যে অন্তর্ভুক্ত আছে বাণিজ্যিক ব্যাঙ্কিং, লগ্নি ব্যাঙ্কিং, বীমা, পেনশন ফান্ড পরিচালনা ইত্যাদি।

কলেজ অফ সুপারভাইসরিকে সম্বোধিত করতে গিয়ে, শ্রী মুদ্রা ভারতের সমষ্টিকেন্দ্রিক-অর্থতত্ত্বগত অবস্থা, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের বর্তমান তত্ত্বাবধানকারী ভূমিকা, সাম্প্রতিক কালে আরবিআই কর্তৃক গৃহিত তত্ত্বাবধান সম্পর্কিত ব্যবস্থাসমূহ, সাইবার নিরাপত্তার উপর অধিকতর ধ্যানপ্রদান, ভারতীয় ব্যাঙ্কিং ব্যবস্থার পক্ষে অতিবিশেষ গুরুত্বপূর্ণ বিষয়াদি যেমন সম্পদের গুণাবলী সম্পর্কিত ব্যাপার ইত্যাদি সম্বন্ধে একটি সামগ্রিক চিত্র তুলে ধরেন। ডেপুটি গভর্নর মহাশয় উল্লেখ করেন যে সুপারভাইসরি কলেজের বৈঠক সুপারভাইসরিদের মধ্যে পারস্পরিক আস্থা এবং সম্পর্ক গড়ে তুলতে সাহায্য করে।

শ্রীমতী অরুন্ধতি ভট্টাচার্য, (চেয়ারম্যান) অধ্যক্ষা, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, শ্রীমতী চন্দা কোচার, এমডি তথা সিইও, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, শ্রীমতী শিখা শর্মা, এমডি তথা সিইও, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড এবং শ্রীমতী উষা অনন্তসুরমনিয়ান, এমডি তথা সি ই ও, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক নিজেদের বক্তব্য রাখেন এবং নিজ নিজ ব্যাঙ্ক সম্বন্ধে বিভিন্ন হোস্ট সুপারভাইসরিগণের জিজ্ঞাসার উত্তরে নিজ নিজ বক্তব্য পেশ করেন।

আরবিআই-এর তত্ত্বাবধানকারী এবং নিয়ন্ত্রণকারী ভূমিকার অগ্রগতি সংক্রান্ত আলোচনা অংশগ্রহণকারীদের সাথে ভাগ করে নেওয়া হয়। এছাড়াও কলেজগুলিতে অংশগ্রহণকারীগণ নিজেদের মধ্যে সাধারণভাবে প্রযোজ্য বহু বিষয় নিয়ে বক্তব্য পেশ করেন এবং স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড এবং পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের উপস্থিতি এবং বহির্দেশীয় কার্যকলাপ সম্বন্ধে নিজেদের দৃষ্টিভঙ্গী বিনিময় করে নেন।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক বিদেশে ভারতীয় ব্যাঙ্কগুলির আন্তঃ সীমা কার্যকলাপ তত্ত্বাবধানের অংশ হিসাবে ছ'টি বৃহৎ ব্যাঙ্কের জন্য (স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ব্যাঙ্ক অফ বরোদা, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড এবং পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক) সুপারভাইসরি কলেজ স্থাপন করেছে, যেগুলির তাৎপর্যপূর্ণ আন্তর্জাতিক উপস্থিতি আছে। সুপারভাইসরি কলেজের মূল লক্ষ্য হল সুপারভাইসরিদের মধ্যে তথ্য আদান-প্রদান এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি, ব্যাঙ্কিং গোষ্ঠীর ঝুঁকি-চিত্র সম্পর্কে নিজেদের প্রয়োগবোধকে উন্নত করা এবং তার মধ্য দিয়ে আন্তর্জাতিকভাবে সক্রিয় ব্যাঙ্কগুলির অধিক কার্যকরী তত্ত্বাবধানে সহায়তা করা। প্রতি এক বছর অন্তর কলেজগুলির বাস্তবিক উপস্থিতি-ভিত্তিক বৈঠক (ফিজিক্যাল মিটিং) অনুষ্ঠিত হয়।